



### নিউট্রিশন ইন সিটি ইকোসিস্টেমস (নাইস) প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের চুক্তি স্বাক্ষর

নাইস প্রকল্প ২০২১ সাল থেকে টেকসই খাদ্য ব্যবস্থাপনা ও খাদ্য সরবরাহ নিশ্চিতকরণে দিনাজপুর পৌরসভাস্থ স্টেকহোল্ডারদের সাথে সমন্বয়, পুষ্টিকর খাবার সরবরাহ ও খাদ্যাভ্যাস পরিবর্তন নিয়ে কাজ করে আসছে। পৌরবাসীর খাদ্য সচেতনতা ও সরবরাহকে আরও শক্তিশালী করতে সাসটেইনেবল এগ্রিকালচার ফাউন্ডেশন বাংলাদেশ ও দিনাজপুর পৌরসভার মধ্যে একটি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

দিনাজপুর পৌরসভার কনফারেন্স রুমে চুক্তি স্বাক্ষর করেন পৌরসভার সুযোগ্য প্রশাসক **মো: রিয়াজ উদ্দিন** ও সাসটেইনেবল এগ্রিকালচার ফাউন্ডেশন বাংলাদেশ এর নির্বাহী পরিচালক **মো: ফরহাদ জামিল**। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মো: মাহবুবুর রহমান-পৌর নির্বাহী অফিসার দিনাজপুর পৌরসভা, মো: মিনারুল ইসলাম খান-নির্বাহী প্রকৌশলী দিনাজপুর পৌরসভা, মিজানুর রহমান সিদ্দিকী-সহকারী প্রকৌশলী দিনাজপুর পৌরসভা ও ফোকাল পার্সন নাইস প্রোজেক্ট, মীর তোফাজ্জল হোসেন-সহকারী প্রকৌশলী (পানি) দিনাজপুর পৌরসভা এবং মোশাফেকুল আলম তালুকদার-প্রোজেক্ট ম্যানেজার নাইস প্রোজেক্ট, আবিদ আহমেদ-এম আর এম এন্ড কমিউনিকেশনস স্পেশালিস্ট নাইস প্রোজেক্ট, প্রত্যয় চ্যাটার্জী-প্রোজেক্ট কো-অর্ডিনেটর ইএসডিও, ডা: আল আমিন-এসআইএমও ডব্লিউএইচও সিভিল সার্জন অফিস সহ প্রকল্প ও দিনাজপুর পৌরসভার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।